

CLASS 6 MODEL ACTIVITY TASK GEOGRAPHY NEW PART 4

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ষষ্ঠ শ্রেণী

ভূগোল পাঠ - ৪

বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখ:-

১.১. ঠিক জোড়টি নির্বাচন কর।

ক) গ্রহ – নিজস্ব আলো আছে

খ) গ্রহাণু - গ্রহের তুলনায় আয়তনে বড়

গ) উপগ্রহ - নক্ষত্রের আলোয় আলোকিত

ঘ) উষ্ণা – লেজবিশিষ্ট উজ্জ্বল জ্যোতিষ্ক

১.২ নিরক্ষরেখার সমান্তরালে উত্তর গোলার্ধে বিস্তৃত কাল্পনিক রেখা হলো -

ক) মকরক্রান্তি রেখা

খ) কর্কটক্রান্তি রেখা

গ) মূলমধ্য রেখা

ঘ) কুমেরুবৃত্ত রেখা

১.৩ নীচের যে রাজ্যটির ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা বিস্তৃত সেটি হলো -

ক) অরুণাচল প্রদেশ

খ) মহারাষ্ট্র

গ) হিমাচল প্রদেশ

ঘ) পশ্চিমবঙ্গ

২.বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখো:

২.১ গোলাকার পৃথিবী দ্রুত গতিতে আবর্তন করায় এটি মাঝ বরাবর স্ফীত।

উঃ- ভুল।

২.২ 0 ও 180° দ্রাঘিমা রেখা প্রকৃতপক্ষে একটিই রেখা।

উঃ- ঠিক

২.৩ সূর্যের দৈনিক আপাত গতির মূল কারণ পৃথিবীর আবর্তন।

উঃ- ঠিক

৩.সংক্ষিপ্ত উত্তর দাও:


৩.১.তারার রঙের সঙ্গে উষ্ণতার সম্পর্ক লেখো।

উঃ যেসব তারার রং লালচে তাদের উষ্ণতা কম হয়। হলুদ বর্ণের তারার উষ্ণতা মাঝারি হয়। যেসব তারার রং নীল তারা উষ্ণ ও উজ্জ্বল হয়। যে সব তারার রং সাদা তারা উষ্ণ ও খুব বড়ো হয়।

৩.২ পৃথিবীর কাল্পনিক অক্ষ মেরুরেখা ও নিরক্ষরেখার সঙ্গে কত ডিগ্রি

কোণে হলে অবস্থান করছে তা ঐঁকে দেখাও।

উঃ



৪.হিমালয়ের উত্তর থেকে দক্ষিণেবিস্তৃত তিনটি সমান্তরাল পর্বতশ্রেণির সংক্ষিপ্ত বর্ণনা দাও।

উঃ- হিমালয়ের উত্তর থেকে দক্ষিণে বিস্তৃত তিনটি সমান্তরাল পর্বতশ্রেণি হল-

ক)হিমাঙ্গি হিমালয়

খ)হিমাচল হিমালয়

গ)শিবালিক হিমালয়

ক) হিমাঙ্গি হিমালয়ঃ- এই অঞ্চলের উচ্চতা সবচেয়ে বেশি। এখানে পর্বত শৃঙ্গ গুলো সারাবছর বরফে আবৃত থাকে। এই অঞ্চলের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট।

খ)হিমাচল হিমালয়ঃ- হিমাচল হিমাঙ্গি হিমালয়ের দক্ষিণে বিস্তৃত। এই অংশে অবস্থিত মৌশরী,মানালি ও দার্জিলিং।

শিবালিক হিমালয়:- শিবালিক হিমাচল পর্বতের দক্ষিণে অবস্থিত। শিবালিক ও হিমাচল এর মাঝের সংকীর্ণ অংশ দুন নামে পরিচিত।